

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৪৩

আগরতলা, ১৮ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

ভোটারদের মূল্যবান ভোটাধিকার প্রয়োগ করতে রাজ্যপালের আহ্বান

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু ১৯ এপ্রিল এবং ২৬ এপ্রিল, ২০২৪ তারিখে তাদের মূল্যবান ভোটাধিকার প্রয়োগ করতে রাজ্যের ভোটারদের কাছে আহ্বান জানিয়েছেন। রাজ্যবাসীর উদ্দেশ্যে এক বার্তায় রাজ্যপাল বলেন, ‘১৯ এপ্রিল, ২০২৪ থেকে ১৮তম লোকসভা নির্বাচন শুরু হতে যাচ্ছে। ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় নির্বাচন ক্ষেত্রের নির্বাচন অনুষ্ঠিত হবে ১৯ এপ্রিল, ২০২৪ এবং ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের নির্বাচন হবে আগামী ২৬ এপ্রিল, ২০২৪ তারিখে। তিনি আরও বলেন, ভারতবর্ষ হচ্ছে বিশ্বের বৃহত্তম গণতান্ত্রিক দেশ। এদেশের সংবিধান অনুযায়ী নির্বাচনে ভোটদানের মধ্য দিয়ে সবার মত প্রকাশ করার অধিকার রয়েছে। তাই নির্বাচন আমাদের কাছে উৎসবতুল্য এবং প্রতিটি ভোটই মূল্যবান।’
